

ঢাবির সিন্ডিকেট সভায় নতুন ৬ সদস্য

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১৪ নভেম্বর,
২০২৪ ০১:১৫

শেয়ার

অ +

অ -



ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভা বুধবার (১৩ নভেম্বর) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন।

সভায় সিন্ডিকেটের ৬ জন নতুন সদস্য যোগদান করেন। তাঁরা হলেন চ্যাঙ্গেলর কর্তৃক মনোনীত ৩ জন সদস্য-
অধ্যাপক ড. তাজমেরী এস এ ইসলাম, অধ্যাপক ড. আকা ফিরোজ আহমদ ও অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ।

সরকার কর্তৃক মনোনীত ১ জন সদস্য-শিক্ষা সচিব এবং একাডেমিক পরিষদ কর্তৃক মনোনীত ২ জন সদস্য-ঢাকা
মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ও ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায়
নতুন সিন্ডিকেট সদস্যদের স্বাগত জানান।

সভায় প্রশাসনিক এবং একাডেমিক বিভিন্ন বিষয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং পূর্ববর্তী সিন্ডিকেট সভার
বিভিন্ন কার্যক্রম অনুমোদন করা হয়। ভর্তি সংক্রান্ত বিষয়সহ ফিন্যান্স কমিটির সভা ও শৃঙ্খলা পরিষদের সভার
সুপারিশ অনুযায়ী বিভিন্ন জরুরি বিষয়েও সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।